

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

পৌষ ১৯, ১৪১৯

তারিখ : -----

জানুয়ারি ০২, ২০১৩

এফ,ই সার্কুলার নং-০১

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার।

**বন্ধ শিল্প সংশ্লিষ্ট মিলসমূহের জন্য বিশেষ নগদ সহায়তা প্রদান প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফ,ই সার্কুলার নং ২০, তারিখঃ নভেম্বর ০২, ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি  
আকর্ষণ করা যাচ্ছে।

০২। বন্ধ শিল্পের স্পিনিং/ডাইভিং/ডাই-ফিনিশিং সংশ্লিষ্ট বিটিএমএ এর মিলসমূহের মধ্যে যে সকল মিল আগষ্ট,  
২০১০ হতে মার্চ, ২০১১ সময়ে উচ্চ মূল্যে (পূর্ববর্তী ছয় মাসের গড় মূল্যের অধিক মূল্য) তুলা আমদানি করেছে সে সকল  
মিলের জন্য প্রদেয় বিশেষ নগদ সহায়তা প্রাপ্যতার ক্ষেত্রে আবেদনপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা সরকারী সিদ্ধান্ত  
অনুযায়ী নতুন করে আরও ১ (এক) মাস (৩০ দিন) বৃদ্ধি করা হলো। বর্ধিত সময়সীমা এ সার্কুলার জারির তারিখ হতে  
কার্যকর হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বাস,

(মোহাম্মদ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৯২